মহাসড়কে স্লিপার বাস চলাচলে হাইকোর্টের নিষেধাজ্ঞা



ছবি: সংগৃহীত

মহাসড়কে স্লিপার বাস চলাচলের অনুমতি চেয়ে করা আবেদন গ্রহণ করেননি হাইকোর্ট। ফলে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) অনুমোদিত নয়—এমন কোনো বাস মহাসড়কে চলতে পারবে না।

বুধবার (৯ সেপ্টেম্বর) বিচারপতি কে এম হাফিজুল আলমের নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন।

আদালতে বিআরটিএর পক্ষে আইনজীবী মো. রাফিউল ইসলাম বলেন, সড়ক পরিবহন আইন ২০১৮-এর ৪০ ধারায় যানবাহনের কারিগরি বৈশিষ্ট্য ও নির্ধারিত স্পেসিফিকেশন উল্লেখ রয়েছে। এসব শর্ত অমান্য করলে তা আইনের ৮৪ ধারায় শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচিত হয়।

তিনি বলেন, এ অপরাধে সর্বোচ্চ তিন বছরের কারাদণ্ড ও তিন লাখ টাকা পর্যন্ত জরিমানার বিধান রয়েছে।

বিআরটিএর আইনজীবী আরও বলেন, সড়ক পরিবহন আইনে রুট পারমিট ছাড়া কোনো যানবাহনকে সড়কে চলাচলের অনুমতি দেওয়া হয়নি। তাই অনুমোদন ও নির্ধারিত শর্তের বাইরে কোনো বাস মহাসড়কে চলতে পারবে না।